

রঞ্জেটে প্রথম বর্ষ শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

নুবনা শারমিন, রাবি সংবাদদাতা

প্রকাশিত: ১৫:৪৩, ১০ মে ২০২৫



ছবি: সংগৃহীত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রঞ্জেট) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষে (২০২৪ সিরিজ) ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন সম্পন্ন হয়েছে। আজ শনিবার (১০ মে) রঞ্জেট কেন্দ্রীয় মিলনায়তনে সকাল সাড়ে ৮ টায় শুরু হয়ে দুপুর পর্যন্ত এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

রুয়েট জনসংযোগ দপ্তর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, প্রথমে পুরকৌশল অনুষদভৃক্ত বিভাগসমূহ এবং তারপর তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদভৃক্ত বিভাগসমূহ এবং তারপর যন্ত্রকৌশল অনুষদভৃক্ত বিভাগসমূহের শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়।

১

এসময় ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুর রাজ্জাক। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফলিত বিজ্ঞান ও মানবিক অনুষদের ডীন অধ্যাপক ড. মো. আব্দুল কাদের জিলানী, তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. বশির আহমেদ, যন্ত্রকৌশল অনুষদের ডীন অধ্যাপক ড. মো. নুরুল ইসলাম।

অনুষ্ঠানে ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকার জানান, “আগামী সোমবার (১২ মে) থেকে নির্ধারিত রুটিন অনুযায়ী প্রথম বর্ষের প্রতিটি বিভাগের ক্লাস শুরু হবে। রুয়েট শিক্ষার্থীদের নিজ দায়িত্বে ক্লাস রুটিন জেনে নিয়ে ক্লাসে উপস্থিত থাকতে হবে।”

বিজ্ঞতিতে আরও উল্লেখ করা হয়, বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী, কোনো শিক্ষার্থী প্রথম ০২ (দুই) সপ্তাহ ক্লাসে অনুপস্থিত থাকলে তার ছাত্রত্ব বাতিল বলে গণ্য হবে।